## সিনেমা হলে

# কন্যা চুরি



রচয়িতা জনপ্রিয় ২৯৮ খানা ছড়া

প্রণেতা শ্রীপ্রবীণ কুমার রায়
( Habigonj. Sylhet )

মূল্য দশ পয়সা

P. K R. P No—299/62

## কবিতা আরম্ভ

এবে কলম ধরি স্মরণ করি প্রভু নিরঞ্জন
অতি দুঃখের কাহিনী এক শুনেন দিয়া মন ।
দেখুন সহরেতে ২ পাড়া গাঁতে টকির হাওয়া এলো
যে টকিতে সোনার বাংলা ধ্বংস আজো হলো ।
টকিতে লজ্জা গেল ২ প্রেম শিখালো করায় অর্থ নাশ
টকির হলে কন্যা চুরি অতি সর্ব্বনাশ ।
জেলা বগুড়াতে ২ আছে তাতে সিনেমার এক হল
হলের নাম শুনতে পারি ছিল নীলাচল ।
তথায় শুনতে পারি ২ কন্যাচুরি মর্ম্মান্তিক ঘটনা
মেয়ে ছেলে নিয়ে কেহ টকিতে যাবেন না ।
এবার আদি অন্ত ২ সব বৃত্তান্ত শুনেন সবে ভাই
এমন ঘটনা কভু আমি শুনি নাই ।
মেয়েটি দেখতে ভাল ২ চাঁদের আলো পরমা সুন্দরী
বয়স তার বেশী হলে উনিশ কিংবা কুড়ি ।
পরণে ছাপা শাড়ী ২ আহা মরি অতি চমৎকার
স্বর্গের উর্ব্বষী যেন মর্ত্ত্যের মাঝার ।
রংএ হলদে পাখী ২ দুটি আঁখি দেখিতে সুন্দর
এমন সুন্দরী একটি হাজারের ভিতর ।
বুকে কমল কলি ২ উঠে দুলি রসে টলমল
কবি বলে রূপ দেখিলে হতে হয় চঞ্চল ।
মাজা অতি সরু ২ জোরা ভুরু মাথায় লম্বা কেশ
এমন মেয়ে কমই দেখি লাগে কিন্তু বেশ ।
কন্যার যৌবন কাল ২ রসে তাল পূর্ণ যেমন রয়
অতি সুন্দর বলেইতো বিপদ শুনি হয় ।
বাড়ী তার পাড়া গাঁয়২ হয়েছে বিয়ে যেতে স্বামীর বাড়ী
বগুড়া সহরে আসে ধরতে রেল গাড়ী ।

সঙ্গে তার পিতা ছিল ২ সন্ধ্যায় এলো বগুড়া মাঝার
ষ্টেশনে এসে শুনে গাড়ী নাইকো আর।
কল্য ভোরে আবার ২ পাবে যাওয়ার তাহাদের গাড়ী
বাপে বলে সহরখানি চলো দেখি ঘুরি।
তারপর ঘুরতে ঘুরতে২ সেইখানেতে যেথায় টকির হল
বিজলী বাতী দেখে কন্যা তাকায় ছলছল।
দেখে টকির ছবি ২ আজগবী বলে বাপের কাছে
টকি দেখার ইচ্ছা আমার মনেতে হয়েছে।
মেয়ের বাপের নাম ২ শুনে যান সর্ব্ব শ্রোতাগণ
হারাণ দাস নাম তার সাদাসিদে মন।
মেয়ের আবদার শুনে ২ তক্ষনে বলিল যে পিতা
বিছানা পত্র ছুটকেস খানি রাখিব বলো কোথা।
তারপর আগাইয়া ২ উঠে গিয়া কালু মিয়ার ষ্টলে
বিনয় করে তার কাছে গিয়া দেখি বলে।
এবার সবার ঠাঁই ২ বলি ভাই কালুর পরিচয়
অতি পাষাণ পশু সম ছিল যে নির্দ্দয়।
আরো বড় গুণ্ডা ২ ভারি ষণ্ডা দাগী জানি ছিল
এই বয়সে কত মেয়ের সর্ব্বনাশ করিল।
বহুবার জেল খেটে ২ নাহি বটে ভয় তার কিছু
সুন্দরী দেখিলে শুনি ছুটে তার পিছু।
সিনেমা হলের পাশে২ খুলে বসে চায়ের একটি দোকান
মেয়ে ছেলের দিকে সদা তাকায় যে শয়তান।
ঠিক তারি কাছে ২ গিয়ে বলছে সরল হারাণ দাস
কবি বলে তাইতো দেখি ঘটলো সর্ব্বনাশ।
বলে নম্রস্বরে ২ দয়া করে এই জিনিষগুলি
কিছুক্ষণ রেখে দিন আপনার কাছে বলি।

দুষ্ট কালুমিয়া ২ মেয়ে দেখিয়া বলে যে তখন
বিছানা পত্র রাখতে আবার বাধার কি কারণ।
আপনার বাড়ী কোথায় ২ যাবেন এলেন কোথা হতে
হারাণ বলে বাড়ী আমার তাল পুকুরেতে।
সঙ্গে কন্যা একটি ২ কদম হাটি যাবো জামাইর বাড়ী
সারা রাত্রে গাড়ী নাই শুনতে তব পারি।
মেয়ের সখ হয়েছে আবদার করছে দেখতে সাধের টকী
মহা ভাবনায় পরলাম ভাই বিছানা কোথায় রাখি।
শুনে সকল কথা ২ কালু তথা বলে তার কাছে
পিতা হয়ে মেয়ের আশা রাখবেন কেন মিছে।
যান টিকেট করুন ২ ঢুকে পড়ুন হলের ভিতর
শেষের শো শুরু হবে জানি যে সত্বর।
হারাণ মনে ভাবে ২ নিশায় হবে ইনি ভদ্রলোক
কথা বার্ত্তা অতি সুন্দর বুঝে অন্যের দুঃখ।
কিন্তু কালু গুণ্ডা ২ দুষ্ট ষণ্ডা ভাবে নিজ মনে
এমন সুন্দরী কন্যা দেখিনি জীবনে।
একে পাওয়া চাই ২ একবার তাই মিটাতে বাসনা
কবি বলে টকীর তরে হলো যে ঘটনা।
টকীতে লজ্জা গেল ২ ঘুমটা গেল পর্দ্দা গেছে সরে
সংসারেতে বিভ্রাট লাগে দেখি টকীর তরে।
টকী দেখে এসে ২ অট্ট হাসে যুবতী বধুরা
ঘরের মেয়ে বাহির করতে ঘুড়ে পাড়ার ছোড়া (ছেলে)
ছিঃ ছিঃ ঘৃণার কথা ২ লিখতে এথা এসব কির্ত্তি কাণ্ড
টকী এসে সোনার বাংলা হইল লণ্ড ভণ্ড।
বাপ মেয়ে ঢুকল হলে ২ কালু বলে রিক্সাওয়ালা ভাই
মনের আশা তোমায় কিন্তু পূর্ণ করা চাই।

কন্যার ভর যৌবন ২ সহেনা মন বলি তোমার সনে
রিক্সাওয়ালা কয় কালু ভাই সাধ জেগেছে মনে।
আমায় দিতে হবে ২ করবো ভবে এই কন্যা চুরি
মনের আশা পূর্ণ করবো যেমন করে পারি।
তখন কালু বলে ২ তাহইলে তোমার রিক্সাখানা
এইখানে রাখিবে কিন্তু ভাড়া যাইবে না।
যখন ওরা আসবে ২ যেতে চাইবে ষ্টেশন মাঝার
আমি তখন বলবো কেন হেটে যাবেন আর।
এইতো রিক্সা আছে ২ কেন মিছে এত রাত্রি কালে
রিক্সায় উঠে ষ্টেশনে যান শীঘ্র চলে।
তারপর তোমার কাজ ২ করবে আজ দেখবো বাহাদুরী
না পারিলে রিক্সার চাকায় বসাইবো ছুরি।
এদিকে মেয়ে পিতা ২ শুনেন শ্রোতা টকী দেখে এলো
কালু গুণ্ডার কাছে তখন বিছানা পত্র চাইলো।
কালু তখন বলে ২ যান চলে এই রিক্সায় চড়ে
বিছানা পত্র রেখেছি আমি দোকানের ভিতরে।
এ কথা শুনলো যখন ২ হারাণ তখন মেয়ের কাছে কয়
রিস্কায় তুমি উঠে বসো যাইবো নিশ্চয়।
আমি বিছানা নিয়ে ২ আসি গিয়ে ঘরের ভিতর হতে
মেয়ে তখন উঠে বসে রিক্সার উপরেতে।
পেয়ে ভারি সুযোগ ২ কর্ম্মে দুর্ভোগ দুষ্ট রিক্সাওয়ালা
হাওয়ার বেগে চালায় রিক্সা দুষ্ট পাজি শালা।
গেল রফিক মাঠে ২ নির্জ্জন বটে বাড়ী ঘর নাই
কন্যা কাঁদে অতি দুঃখে দেখতে আমি পাই।
এদিকে হারাণ এসে ২ অতি ত্রাসে দেখে রিক্সা নাই
হায় হায় করিয়া কাঁদে বলে কালু ভাই।

হলো কি সর্ব্বনাশ ২ মনে ত্রাস মেয়েরই মায়ায়
পাগলের মত তখন খুজিয়া বেড়ায়।
কালু কয় চিন্তা নাই ২ দেখছি যাই আপনিও দেখুন
তারপরে ষ্টেশনে আপনি গিয়ে থাকুন।
আমি খোঁজ করে ২ তারপরে সাক্ষাৎ করিব
যেই খানেতে পাই আমি বেটাকে ধরিব।
কালু জলদি করে ২ বন্ধ করে দোকান দুরাচার
কথা মত রফিক মাঠে চলিল এইবার।
চলে শীঘ্র করে ২ তারপরে রফিক মাঠে গেল
জোর করিয়া কন্যাটিকে মাটিতে ফেলিল।
করে ব্যাভিচার ২ অত্যাচার কেঁদে কয় যুবতী
দোহাই ধর্ম্মের ছেড়ে দাও আমি গর্ভবতী।
ঈশ্বরের দোহাই দিল ২ না শুনিল করলো ব্যাভিচার
আট মাসের গর্ভবতী জ্ঞান হারালো তার।
কবি কয় এইবার ২ প্রাণ আমার ছটফট করে,
ধ্বংস তুমি কর ঈশ্বর পাপের দুনিয়ারে।
কর নিমেষেতে ২ যে দেশেতে এত জুলুম হয়,
এত জুলুম ধর্ম্মের গায় কেমন করে সয়।
মেয়েটি জ্ঞানহারা ২ অর্দ্ধ মরা তখন গুণ্ডার দল,
হাতাহাতি রিক্সায় তুলে যেথায় জিন্নার হল।
সেখানে ফেলে দিল ২ পিতা এল খুজিতে খুজিতে,
কন্যাকে দেখিয়া তখন যায় দেখি ছুটে।
দেখে অঙ্গের বসন ২ লাল রং রক্তে গেছে ভিজে,
এলোমেলো চুল কাপড় উন্মাদিনীর সাজে
আর জ্ঞান নাই ২ হারাণ তাই চীৎকার করে উঠে,
শত শত লোক তখন আসিল যে ছুটে।

পুলিশে খবর দিল ২ পুলিশ এল হাসপাতালে নিল,
মেয়ের বাপের জবানবন্দী লিখিয়া লইল।
তারপর রাত্র দুইটায় ২ ধরল যে হায় রিক্সাওয়ালাকে,
রুলের গুতা খেয়ে দুষ্ট সব বলিতে থাকে।
তখন কালু গুণ্ডাকে ২ দিকে দিকে খুজতে লাগল তাই
নারীর মত বোরখা পরে শুনতে আমি পাই।
দুষ্ট কালুমিয়া ২ বোরখা পরিয়া সহর ছাড়তে চায়
বোরখা পরে অবশেষে খেওয়াঘাটে যায়।
কিন্তু বিধি চক্র ২ কেমন বক্র শুনেন সবে ভাই,
কয়েকজন বল প্লিয়ার দেখতে আমি পাই।
কালুন চলন দেখে ২ সবে তাকে ঘিরিয়া ধরিল,
কোথায় যাবে সঙ্গে কে জিজ্ঞাসা করিল।
কালু দেয়না উত্তর ২ সবার ভিতর সন্দেহ হইল,
বোরখা ধরে সবে তখন তুলিয়া ধরিল।
দেখে কালু গুণ্ডা ২ মহা ষণ্ডা যাচ্ছে পলাইয়া,
সকলে পুলিশকে তখন আনে খবর দিয়া।
এস. ডি, ও নিজে আসে ২ অবশেষে সঙ্গে পুলিশ দল
কালুকে এরেষ্ট করে হইয়া চঞ্চল।
হাতে হাত কড়ি ২ কোমরে দাড়ি জেল হাজতে দিল,
বিচারের দিনেতে দেখি কোর্টে তারে নিল।
মামলা জজকোর্টে ২ লোক জোটে হাজারে হাজার,
জুরি সহ বিচারকে করে যে বিচার।
মেয়ের জবানবন্দী ২ আর সন্দি সাক্ষী সাবুত নিল,
জজ সাহেবে রায় তখন লিখিয়া যে দিল।
কালুর আট বছর ২ জেলের ঘর হবে যে বসতি,
ঘানিতে তেল ভাঙ্গানো হবে তার গতি।

আরো রিক্সাওয়ালা ২ বদের চেলা তার হুকুম হল
চার বছর কারাদণ্ড তারে শুনি দিল।
কবিতা শেষ এইখানে ২ বন্ধুগণে অনুরোধ জানাই
অন্যায় পথে কেহ কভু চলিবেন না ভাই।

গান

সিনেমা দেখা চলবে ঘরে নাইবা থাকুক চাল
বৌয়ের কথা শুনতে হবে এইত কলিকাল।
তাই বলি ঘোর কলি বাজাও তালে তালরে
এইত কলিকালরে সিনেমা দেখা চলবে।
লেখাপড়া শিখে কিবা হবে ফল
চাকরী যদি পেতে চাও শিখ গ্যাড়াকল।
গ্যাড়াকলে ত্বনিয়াটা চলছে দেখ কিমতে
সিনেমার নেশা বড় নেশা কি বলিব ভাই
সিনেমাতে ছেলেমেয়ে নষ্ট হয়ে যায়
তাই বলি ঘোর কলি বাজাও তালে তালরে।
কলিকালের ছেলেমেয়ে রাস্তা দিয়ে যায়
হিন্দি ছবি দেখে তারা গুন গুন স্বরে গায়।
তাই বলি ঘোর কলি বাজাও তালে তালরে
বাংলা ছবি দেখে তাদের ভাল লাগে না
হিন্দী ছবি দেখে তারা হয় যে দেওয়ানা।
লেকের পারে মাঠে ঘাটে গায় যে প্রেমের গান
হিন্দী ছবির গান তারা গেয়ে সবাই যান।